নিউজএ২৪ ডটকম’র আয়োজনে ভার্চুয়াল কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

চেম্বার ডেস্ক:: অনলাইন নিউজ পোর্টাল নিউজ এ টুয়েন্টিফোর ডটকম এর আয়োজনে ভার্চুয়াল কোরআন তেলাওয়াত প্রতিযোগীতার ফলাফল, পুরস্কার বিতরণী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গত শুক্রবার (৫ই আগষ্ট) রাত ৮ ঘটিকায় নিউজ এ টুয়েন্টিফোর ডটকম’র প্রকাশক মোঃ আফজল হোসাইন চৌধুরী’র সভাপতিত্বে ও সম্পাদক এম এ ওয়াহিদ চৌধুরী’র সঞ্চালনায় এতে প্রধান অতিথি হিসেবে স্টুডিও তে উপস্থিত ছিলেন হবিগঞ্জ -১ আসনের সংসদ সদস্য গাজী মোঃ শাহ নেওয়াজ এমপি।

আহমদ আল মঞ্জুর এর সুললিত কন্ঠে পবিত্র কালামে পাকের তেলাওয়াতের মাধ্যমে শুরু হওয়া অনুষ্ঠানে ইসলামী সংগীত পরিবেশন করেন মোঃ আব্দুল্লাহ আল মুহাইমিন। এতে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং বক্তব্য রাখেন বাংলাদেশ আঞ্জুমানে আল ইসলাহ’র কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অধ্যক্ষ ড. মঈনুল ইসলাম পারভেজ, ইছামতি দারুল উলুম কামিল মাদরাসার অধ্যক্ষ মোঃ শিহাবুর রহমান চৌধুরী, প্রধান মুহাদ্দিস মাওলানা মোহাম্মদ আব্দুল বাছিত, সিলেট অনলাইন প্রেসক্লাবের সভাপতি মুহিত চৌধুরী। বিচারক মন্ডলীর পক্ষ থেকে বক্তব্য রাখেন মাওলানা এম ইমরান উদ্দিন চৌধুরী ও মাওলানা কায়েস মাহমুদ চৌধুরী শিপার।

ভার্চুয়াল কোরআন তেলাওয়াত প্রতিযোগীতায় প্রথম স্থান অধিকার করেন জাহিদুল হাসান,দ্বিতীয় স্থান অধিকার করেন মোঃ রুমান আহমদ, তৃতীয় স্থান অধিকার করেন তাহিয়া আক্তার চৌধুরী সহ আর-ও পাচজনকে বিশেষ পুরস্কার দেয়া হয়।
সিলেট অনলাইন প্রেসক্লাব সভাপতি মুহিত চৌধুরী তাঁর বক্তব্যে বলেন আমার অনলাইন সাংবাদিকতার দীর্ঘ ১২ বছর বয়সে আমি দেখিনি কোন অনলাইন নিউজ পোর্টাল এ পর্যন্ত কোরআনের প্রতিযোগীতার আয়োজন করতে, নিশ্চয়ই এটা মহান আল্লাহ পাকের কালামের খাছ একটা খেদমত।

আল ইসলাহ’র কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অধ্যক্ষ ড. মঈনুল ইসলাম পারভেজ তাঁর বক্তব্যে বলেন নিউজ এ টুয়েন্টিফোর ডটকম’র মাধ্যমে ভার্চুয়াল কোরআন তেলাওয়াত প্রতিযোগীতার এ যাত্রা যেনো নিয়মিত

ভাবে প্রতিটি বছর হয়, তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।